



গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়

GARIB-E-NEWAZ HIGH SCHOOL

ব্লক-আই, হালিশহর হাউজিং এস্টেট, থানা-হালিশহর, চট্টগ্রাম। EIIIN # 104664, বিদ্যালয় কোড # ৩০১৬
ফোন : ৭১২৬২৮, ইমেইল-gnhsc@yahoo.com, Web : gnsc.edu.bd

স্থাপিত : ১৯৮০ ইং

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: 'নজরুল বর্ষ' উপলক্ষে প্রতিষ্ঠান পর্যায়ের সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত।

এতদ্বারা বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী আগামী ০৮ সেপ্টেম্বর ২০২৬, মঙ্গলবার সকাল ৮.৩০ ঘটিকা থেকে বিদ্যালয়ে 'নজরুল বর্ষ' উপলক্ষে প্রতিষ্ঠান পর্যায়ের সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতার বিস্তারিত বিষয়সূচি:

ক. গ্রুপ-ক (৬ষ্ঠ - ৮ম):

- ১। নজরুল সংগীত (যেকোনো)
- ২। কবিতা আবৃত্তি ('সংকল্প' / 'কান্ডারি হশিয়ার')
- ৩। চিত্রাংকন (বিষয়: বিভিন্ন বয়সে ও বিভিন্ন রূপে নজরুল)
- ৪। একক অভিনয় (নজরুলের গল্প/নাটক - সময় ৫ মি.)
- ৫। একক নৃত্য (নজরুল সংগীত ভিত্তিক) খ


খ. গ্রুপ-খ (৯ম - ১০ম):

- ১। নজরুল সংগীত (যেকোনো) -
- ২। কবিতা আবৃত্তি ('বিদ্রোহী' / 'মানুষ' / 'ওমর ফারুক') -
- ৩। চিত্রাংকন (বিষয়: বিভিন্ন বয়সে ও বিভিন্ন রূপে নজরুল) -
- ৪। একক অভিনয় (নজরুলের গল্প/নাটক - সময় ৫ মি.) -
- ৫। একক নৃত্য (নজরুল সংগীত ভিত্তিক)

নিয়মাবলী:

০৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখে সকাল ৮:৩০ মিনিটের মধ্যে সকল প্রতিযোগীকে বিদ্যালয়ে উপস্থিত হতে হবে। সেদিন সমস্ত শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে।

১. একজন শিক্ষার্থী সর্বোচ্চ ০৩ (তিন) টি বিষয়ে অংশ নিতে পারবে।
২. একক অভিনয়ের সময়সীমা সর্বোচ্চ ০৫ (পাঁচ) মিনিট হতে হবে।
৩. চিত্রাংকন প্রতিযোগিতার জন্য আর্ট পেপার বিদ্যালয় থেকে দেওয়া হবে; রং ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম শিক্ষার্থীকে সাথে আনতে হবে।
৪. নৃত্য ও অভিনয়ের কন্সটিউম প্রয়োজন অনুযায়ী পরে আসতে হবে।
৫. প্রতিযোগিতা শেষে বিচারকদের চূড়ান্ত নম্বরপত্র অনুযায়ী ফলাফল অবিলম্বে প্রস্তুত ও ঘোষণা করা হবে এবং পুরস্কার বিতরণ করা হবে।
৬. বিজয়ী শিক্ষার্থীদের (কেবল মাত্র ১ম স্থান অর্জনকারী) নামের তালিকা উপজেলা/থানা পর্যায়ে পরবর্তী প্রতিযোগিতার জন্য জমা দেওয়া হবে।


মোহাম্মদ রুজ্জুুল ইসলাম
প্রধান শিক্ষক
গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
হালিশহর, চট্টগ্রাম।